গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.০১২.০৪৫.১৬(নং-৪৫, পার্ট-৩)-৯৬৭ তারিখ ঃ ২৬/০২/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডার ও নন-ক্যাডারভূক্ত কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন, ২০১৭ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র ঃ
১. নং-৮০.১০৪.০৩৯.০০.০২.১ম.২০১৭/২৬, তারিখ ঃ ০৯/০২/২০১৭ খ্রিঃ
২. নং-৮০.১০৪.০৩৯.০০.০২.১ম.২০১৭.২২, তারিখ ঃ ০৯/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডার ও নন-ক্যাডারভূক্ত কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন, ২০১৭ মাসে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে কর্ম কমিশন সচিবালয়ের জারিকৃত বিজ্ঞপ্তির নিয়মাবলী অনুসরণপূর্বক Online-এ আবেদনপত্র (Soft copy) নির্ভুলভাবে পূরণ করে ২৭/০২/২০১৭ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা থেকে ২২/০৩/২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার মধ্যে দাখিল করার জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। ***উল্লেখ্য যে, প্রাপ্ত আবেদনপত্রসমূহ (hard copy) আগামী ১৭/০৩/২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে কর্ম কমিশন সচিবালয়ে অবশ্যই পৌঁছাতে হবে।*** বিস্তারিত তথ্যাদি সরকারী কর্ম কমিশন সচিবালয়ের www.bpsc.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।

০২। বর্ণিতাবস্থায়, আগ্রহী প্রার্থীদের আবেদনপত্রসমূহ যথাসময়ে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের সুবিধার্থে Online-এ আবেদন দাখিলের পর এর প্রিন্টেড কপি (hard copy)-তে ***নির্ধারিত স্থানে আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের (স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান) সীলসহ স্বাক্ষরযুক্ত ০৩ (তিন) সেট আবেদনপত্র অবশ্যই*** আগামী ০২/০৪/২০১৭ তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত ঃ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের বিজ্ঞপ্তি ১ কপি।

স্বাক্ষরিত/-
(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক
ফোন ঃ ০২-৮১৮১২২৯

বিতরণ ঃ
১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮।
২-৪৭। অধ্যক্ষ, ঢাকা/চট্টগ্রাম/ময়মনসিংহ/খুলনা/কুমিল্লা/বরিশাল/পাবনা/কুষ্টিয়া/যশোর/দিনাজপুর/ফেনী/বগুড়া/রংপুর/ সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/বি, এস, কাপ্তাই/টাংগাইল/পটুয়াখালী/ঢাকা মহিলা/রাজশাহী মহিলা/খুলনা মহিলা/চট্টগ্রাম মহিলা/চাঁদপুর/ মুন্সীগঞ্জ/ গোপালগঞ্জ/শেরপুর/নরসিংদী/সিরাজগঞ্জ/ কুড়িগ্রাম/নওগাঁ/ঠাকুরগাঁও/ ভোলা/বরগুনা/ লক্ষ্মীপুর/ ব্রাহ্মণবাড়িয়া/হবিগঞ্জ/ ঝিনাইদহ/ কক্সবাজার/সাতক্ষীরা/শরীয়তপুর/কিশোরগঞ্জ/ মৌলভীবাজার/ মাগুরা/ চাপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট।
৪৮-৫০। অধ্যক্ষ, ভিটিটিআই/বাংলাদেশ ইনষ্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক্স/গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট/বাংলাদেশ সার্ভে ইনষ্টিটিউট।

নং-৩৭.০৩.০০০০.০১০.০১২.০৪৫.১৬(নং-৪৫, পার্ট-৩)-৯৬৭(১৪), তারিখ ঃ ২৬/০২/২০১৭ খ্রিঃ
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২-৫। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সংশ্লিষ্ট সকল টেকনিক্যাল স্কুল এন্ড কলেজকে বিষয়টি অবহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলো।
৭। প্রকল্প পরিচালক (STEP), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮-১২। সহকারী পরিচালক, ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রসহ সংযুক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ জানানো হলো)।
১৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক
ফোন ঃ ০২৮১৮১২২৯

D:\Dte 01-08-2016\1st & 2nd half Exam. office order 2016.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০২.১ম.২০১৭. ৯২ তারিখঃ ০১.০২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৭ গ্রহণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাগণের ২০১৭ সনের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন, ২০১৭ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ২৭ ফেব্রুয়ারি দুপুর ১২.০০ঘটিকা থেকে ২২ মার্চ ২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার মধ্যে অনলাইন-এ আবেদনপত্র (সফট কপি)নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আগামী ১৭ এপ্রিল(সোমবার), ২০১৭ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি সরকারী কর্মকমিশনে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

[বিশেষ দ্রষ্টব্য যে সকল কর্মকর্তা নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র/হার্ডকপি বাতিল বলে গণ্য করা হবে।]

২. অনলাইন-এ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবদনপত্র (হার্ড কপি) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সংবলিত আবদনপত্র (হার্ড কপি) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইন-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।

৩. অনলাইন-এ বিপিএসসি-৮ পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ-
প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট website: www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৭ এর বাটনে Click করলে Notice, Instructions for Submitting Application, বিপিএসসি ফরম-৮: রেজিস্ট্রেশন ফরম এর Link দৃশ্যমান হবে। Noticeএর Link ক্লিক করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০১৭ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instruction for submitting Application --এ click করে Instruction অংশটি ভাল করে পড়বেন। বিপিএসসি ফরম-৮ এর ৪(চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং বিপিএসসি ফরম-৮ এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি{ইমেজ ৩০০×৩০০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর{ইমেজ ৩০০×৮০ পিক্সেল (Pixels),ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।

৪. প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক অনলাইন-এর নির্ধারিত ফরমে অনলাইন-এ আবেদন করতে হবে। অনলাইন-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (হার্ড কপি) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রে আবেদন করলে সেক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।

৫. ওয়েব সাইটে অনলাইনে আবেদন করার বিস্তারিত নির্দেশাবলি দেওয়া আছে। [ **www. bpsc. gov.bd** ]

৬. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য এবং অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা পরবর্তী সময়ে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে **e-mail:dept_support@ bpsc.gov.bd** এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০১/২/২০১৭
(মোঃ শাহ আলম মৃধা)
পরিচালক(যুগ্ম-সচিব)

m/nizam/DLExa.1st2007-A.82